গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
যশোর সদর, যশোর ।

সভাঃ-০৩

সভারনাম ঃ ডিসেম্বর/২০২১ মাসের আইন শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ অনুপ দাশ
উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর ।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, যশোর সদর, যশোর ।
সভারতারিখ ঃ ১০/১২/২০২১খ্রিঃ
সভারসময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী পরিশিষ্ট "ক"তে দেখানো হলো ঃ)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত সকল সদস্যকে উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির উপর ধারাবাহিক ভাবে বক্তব্য পেশ করার জন্য অনুরোধ জানান।

সভায় নিম্মোক্ত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| জানজট | অফিসার ইনচার্জ যশোর সদর থানা সভায় জানান যে, যশোর সদর উপজেলার মনিহার সিনেমা হলের সামনে সহ বিভিন্ন জায়গায় যানজট লেগে থাকে। এতে স্কুলগামী ছাত্র ছাত্রীদের দূর্ভোগ পোহাতে হচ্ছে। ফলে দূর্ঘটনার শিকার হতে হয়। বিশেষ করে মনিহার হলের সামনে বাস সি এন জি, ভ্যান ও অটোরিকসা যত্র তত্র রাখায় যানজটের সৃষ্টি হয়। সে ব্যাপারে ট্রাফিক ইন্সেপেকটর কে যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয় । এ ব্যাপারে জেলা প্রশাসকের নির্দেশনা আছে। | বিস্তারিত আলোচনায় ট্রাফিক ইন্সেপেকটর এর দৃষ্টি আকর্ষন করা হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | অফিসার ইন চার্জ ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| গ্রাম আদালত | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গ্রাম এলাকায় যে সকল মানুষের মাইনর বিষয় নিয়ে জেলা আদালতে যাওয়ার সামর্থ থাকে না, সে সকল বিচার প্রার্থীদের ন্যয্য বিচারের জন্য গ্রাম আদালত প্রতিষ্ঠা করা হয়েছে । প্রতিটা ইউনিয়নের গ্রাম আদালতের মাধ্যমে এলাকার মানুষ সুবিচার পায় তার জন্য সকল ইউপি চেয়ারম্যানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সপ্তাহের একটা নির্ধারিত দিন ধার্য করে বিচার কার্য পরিচালনা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। । | সকল ইউপি চেয়ারম্যান |
| বাজার কমিটি | উপজেলা ভাইস চেয়ারম্যান জানান যে, যশোর সদর উপজেলার বাজার কমিটি পরিচালনার জন্য একটি সুষ্ঠ বাজার কমিটি গঠন করতে হবে। ইতিপূর্বে গলির ভিতরে মাছের বাজার বসত না। নতুন বিল্ডিং এর বরাদ্ধ প্রদান করতে হবে। কাঁচা বাজার ও মাছ বাজারের অবস্থা খুব খারাপ রাস্তার উপর যেন বাজার বসছে তা কেও সরাতে পারছে না। পুলিশের নজরদারি বাড়াতে হবে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ জন্য ওসি এর দৃষ্টি আকর্শন করা হয়। | ওসি মডেল থানর ওসি |
| করেনা পরিস্থিতি | মডেল থানার ওসি সভাকে জানান যে, আমরা সবাই যদি মিলে মিশে কাজ করি করোনা থেকে মুক্তি পাওয়া যাবে। মাদককে কখও প্রশয় দেওয়া যাবে না। পুলিশ এখন যথেষ্ট সচেতন, দেশ ও জাতির যে স্বপ্ন টা অবশ্যই পুরুন হবে। পৌরসভার ভিতওে নাইট গার্ডের সংখ্যা অনেক কম, নাইট গার্ডের সংখ্যা বাড়ানোর জন্য কর্তপক্ষের | করোনা থেকে মুক্তি পাওয়ার জন্য সবাইকে মাক্স পড়তে হবে। পৌরসভার প্রত্যেক বাড়িতে সিসি ক্যামেরা লাগাতে হবে। | মডেল থানার ওসি, চেয়ারম্যান, ও বড়ির মালিকগণ। |

| | | | |
|---|---|---|---|
| | দৃষ্টি আকর্ষন করা হয়। পৌরসভার প্রত্যেক বাড়িতে সিসি ক্যমেরা বসানোর জন্য বাড়ির মালিকে অনুরোধ করা হয়। করেনার পরিস্থিতি ও আইন শৃংখল পরিস্থিতি অনেক ভাল। করোনার ২য় ঢেউ খেকে বাচার জন্য সকলকে মাক্স পরতে হবে। বাজার কমিটির সাথে আলোচনা করা হয়েছে তারা আস্বস্থ্য করলেও বাজারে তা বাস্তবায়িত হচ্ছে না। পরিবহন শ্রমিক নেহতৃবৃন্দ সহযোগিতা করলে আমরা যানজট নিরসন করা যাবে। রাজনৈতিক নেতৃবৃন্দের সহযোগিতার প্রয়োজন । তিনি ইউনিয়ন চেয়ারম্যানদের উদ্দেশ্যে বলেন শুধু প্রশসনের উপর নির্ভর করবেন না। বর্তমানে মোবাইলের মাধ্যমে মাদক কেনা বেচা হচ্ছে । এদের হাতে নাতে ধরা খুবই কঠিন তারপরেও বিষটি গুরুত্বের সাথে দেখা হবে বলে সভাকে জানান। | | |
| | সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার জানান যে, করোনা প্রতিরোধে সকলকে সচেতন হতে হবে। পৌরসভার মেয়র, কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান, মেম্বার সকলকে করোনা প্রতিরোধে সতর্ক থাকতে হবে। পুলিশ প্রশসনকে বাজারের দিকে খেয়াল রাখতে হবে। মনিহার এলাকা একটি যানজট এলাকায় প্রতিদিন মোবইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। জনগনের মধ্যে সচেতনতার অভাব রয়েছে। বর্তমানে যশোর সদর উপজেলায় করোনর আক্রমনের হার অনেক বেশি। সচেতনতা সৃষ্টির জন্য যা যা করা দরকার তা সবই করা হচ্ছে। জনপ্রতিনিধিদের মাইকিং এর ব্যবস্থা অব্যাহত রাখতে হবে এবং করোনা হলে বাসা বাড়ী লক ডাউন এর ব্যবস্থা করতে হবে। দফাদার ও মহল্লাদোরদের কাজে লাগাতে হবে । | করোনার ২য় ঢেই এর জন্য সকলকে সতর্ক হতে হবে। | ওসি মডেল থানা,যশোর সদর, যশোর ও সকল ইউপি চেয়ারম্যান। |

সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্য কে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১০.১২.২০২১

(অনুপ দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর যশোর।
unojessore@mopa.gov.bd
ফোনঃ ০২৪৭৭৭৬২৪৩২

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য/কার্যাথে প্রেরণ করা হলো।

১। জেলা প্রসাশক, যশোর ।

২। পুলিশ সুপার, যশোর ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর।

৪। সকল অফিসার---------------যশোর সদও, যশোর।

৫। চেয়ারম্যান,---------------------------ইউপি (সকল) যশোর সদর,যশোর।

উপজেলা পরিষদ

যশোর সদর, যশোর।

আইন শৃংখলা স্থায়ী কমিটির রেজুলেশনের হাজিরা শিট

তারিখ-১০/১২/২০২১ খ্রি.

| ক্র.নং | সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | অনুপ দাশ<br>উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর | সভাপতি | |
| ০২ | মো: আনোয়ার হোসেন<br>উপজেলা ভাইস চেয়ারম্যান, যশোর সদর, যশোর । | সদস্য সচিব | |
| ০৩ | মোঃ লুৎফর হমান<br>চেয়ারম্যান, ১৩ নং কচুয়া ইউনিয়ন পরিষদ, যশোর, সদর, যশোর । | সদস্য | |
| ০৪ | মোঃ আলীমুজ্জামান<br>চেয়ারম্যান, ০২ নং লেবুতলা ইউনিয়ন পরিষদ, যশোর, সদর, যশোর । | সদস্য | |
| ০৫ | মোঃ হুমায়ুন কবীর তুহিন<br>চেয়ারম্যান, ০৪ নং নওয়াপাড়া ইউনিয়ন পরিষদ, যশোর, সদর, যশোর । | সদস্য | |